

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন
বিসিক শিল্পনগরী, সপুরা, রাজশাহী।

স্মারক নং-৩৬.০২.৮১০০.০১৮.০৩.০৪০.২০.৬৬৬

তারিখ: ১৭.০৭.২০২৩ খ্রি

পুকুর ইজারা বিজ্ঞপ্তি

বিসিক শিল্পনগরী, সপুরা, রাজশাহীস্থ 'অফিস পুকুর ও খানা পুকুর' এবং রাজশাহী বিসিক শিল্পনগরী-২ এর পুকুরটি উল্লিখিত মেয়াদ অনুসারে মৎস্য চাষের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র ফরম বিক্রয়ের জন্য নির্ধারিত স্থান	উপ-মহাব্যবস্থাপকের কার্যালয়, বিসিক, রাজশাহী
দরপত্র দাখিলের জন্য স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী ও উপ-মহাব্যবস্থাপকের কার্যালয়, বিসিক, রাজশাহী।

দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ ও সময়সূচী

পর্যায়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম	২৭.০৭.২০২৩, সকাল ৯ ঘটিকা হতে বেলা ১২ টা পর্যন্ত	২৭.০৭.২০২৩, বিকেল ২.০০ ঘটিকা পর্যন্ত
২য়	০৩.০৮.২০২৩, সকাল ৯ ঘটিকা হতে বেলা ১২ টা পর্যন্ত	০৩.০৮.২০২৩, বিকেল ২.০০ ঘটিকা পর্যন্ত
৩য়	১০.০৮.২০২৩, সকাল ৯ ঘটিকা হতে বেলা ১২ টা পর্যন্ত	১০.০৮.২০২৩, বিকেল ২.০০ ঘটিকা পর্যন্ত

পুকুরের তথ্য

ক্র. নং.	পুকুরের নাম ও আয়তন	ইজারা মেয়াদ	পূর্বে ইজারা মূল্য (টাকায়)	সম্ভাব্য ইজারা মূল্য (টাকায়)
১	'অফিস পুকুর' ২৭২০০ বর্গফুট (কমবেশি)	০৬.০৪.২০২৩ হতে ০৫.০৪.২০২৬	৫৫,০০০ টাকা	৬০,৫০০/-
২	'খানা পুকুর' ৭৫০০০ বর্গফুট (কমবেশি)	২৪.০৮.২০২৩ হতে ২৩.০৮.২০২৬	১,৪০,০০০ টাকা	১,৫৪,০০০/-
৩	'রাজশাহী বিসিক শিল্পনগরী-২' ১.৪৪ একর (কমবেশি)	কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৩.০৪.২০২৬	--	১,২৫,০০০/-

শর্তাবলীঃ

- ১। প্রতিসেট সিডিউল ৫০০/- (পাঁচশত) টাকা দরে (মূল্য অফেরতযোগ্য) ক্রয় করতে হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। খামের উপর সংশ্লিষ্ট পুকুর-এর নাম উল্লেখ করতে হবে।
- ২। কৃতকার্য দরদাতাকে ইজারা মূল্য / উদ্ধৃত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট, ৩% উৎস কর ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
- ৩। কৃতকার্য দরদাতাকে সমুদয় অর্থ নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধপূর্বক চুক্তিনামা সম্পাদন করে পুকুর-এর দখল বুঝিয়ে নিতে হবে।
- ৪। কোন কারণ বশতঃ কর্তৃপক্ষীয় অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হলেও পুকুরসমূহ উল্লিখিত ছকের মেয়াদ অনুসারে ইজারার মেয়াদ বলে গণ্য হবে।
- ৫। ১ম পর্যায় উপযুক্ত দরদাতা নির্বাচিত না হলে পরবর্তী পর্যায়সমূহের জন্য আলাদা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।
- ৬। কৃতকার্য দরদাতা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত বিধি বিধান পালনে বাধ্য থাকবেন।
- ৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই দাখিলকৃত যে কোন অথবা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

AZ:
১৭.০৭.২৩

মোঃ আনোয়ারুল আজিম
শিল্পনগরী কর্মকর্তা
শিল্পনগরী, বিসিক, রাজশাহী।

R. and
১৭.০৭.২০২৩

জাফর বায়েজীদ
উপ-মহাব্যবস্থাপক
বিসিক জেলা কার্যালয়, রাজশাহী।